



## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।



### প্রেস বিজ্ঞপ্তি


ঢাকা, ১৫ ডিসেম্বর ২০২৫।

National Equipment Identity Register (NEIR) সিস্টেম চালুর প্রেক্ষাপটে দেশের সকল মোবাইলফোন ব্যবসায়ী কর্তৃক ইতঃপূর্বে আমদানিকৃত মোবাইল হ্যান্ডসেটসমূহের মধ্যে অবিক্রিত/স্থিত সকল মোবাইল হ্যান্ডসেটসমূহের IMEI ও সংশ্লিষ্ট তথ্যাদি NEIR সিস্টেমে অন্তর্ভুক্ত করার জন্য ১৫ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত সময় প্রদান করা হয়েছিলো। লক্ষ্য করা যাচ্ছে, অনেক মোবাইল হ্যান্ডসেট ব্যবসায়ী অদ্যাবধি তাদের অবিক্রিত/স্থিত মোবাইল হ্যান্ডসেটসমূহের তথ্য কমিশনে দাখিল করতে পারেনি। যে সকল মোবাইল হ্যান্ডসেট ব্যবসায়ী এখনো তাদের অবিক্রিত/স্থিত মোবাইল হ্যান্ডসেটসমূহের তথ্য দাখিল করতে পারেননি তাদের সুবিধার্থে ১৬ ডিসেম্বর ২০২৫ এর পরিবর্তে আগামী ০১ জানুয়ারি ২০২৬ তারিখে NEIR সিস্টেম চালুর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে, অবিক্রিত/স্থিত মোবাইল হ্যান্ডসেটসমূহ নেটওয়ার্কে আন্তীকরণের সুবিধার্থে তথ্য দাখিলের সময়সীমা আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বর্ধিত করা হলো।

এমতাবস্থায়, উল্লেখিত হ্যান্ডসেটসমূহের IMEI ও সংশ্লিষ্ট তথ্যাদি NEIR সিস্টেমে অন্তর্ভুক্তকরণের জন্য আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে [neir@btrc.gov.bd](mailto:neir@btrc.gov.bd) ই-মেইল ঠিকানায় নির্ধারিত মাইক্রোসফট এক্সেল (.xlsx) ফরম্যাট অনুযায়ী তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল মোবাইল ফোন ব্যবসায়ীগণকে অনুরোধ জানানো হলো।

অনুরোধক্রমে

- ১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।  
দৃষ্টি আকর্ষণ: উপ-মহাপরিচালক (বার্তা)
- ২। প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্রসমূহ; ঢাকা।
- ৩। হেড অব নিউজ/চিফ রিপোর্টার/ অ্যাসাইনমেন্ট এডিটর;  
বার্তাসংস্থা/টেলিভিশন চ্যানেল/ রেডিও স্টেশন, ঢাকা।

  
১৫/১২/২০২৫

মো: জাকির হোসেন খাঁন  
উপ-পরিচালক (মিডিয়া)

মোবাইল: ০১৫৫২২০২৮৪০

[zakirkhan@btrc.gov.bd](mailto:zakirkhan@btrc.gov.bd)

#### অনুলিপিঃ সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক (স্পেকট্রাম বিভাগ), বিটিআরসি।
- ২। সচিব, বিটিআরসি।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। অফিস কপি।